

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
টুঙ্গিপাড়া, গোপালগঞ্জ
www.tungipara.gopalganj.gov.bd

সেপ্টেম্বর ২০২৪ মাসে অনুষ্ঠিত এনজিও বিষয়ক মাসিক সমন্বয় সভার কার্যবিবরণী

সভাপতি : মোঃ মঈনুল হক, উপজেলা নির্বাহী অফিসার, টুঙ্গিপাড়া, গোপালগঞ্জ
তারিখ : ২৫/০৯/২০২৪ খ্রি.
সময় : সকাল ১২.০০ ঘটিকা
স্থান : 'বজ্রকণ্ঠ' উপজেলা পরিষদ সম্মেলন কক্ষ, টুঙ্গিপাড়া, গোপালগঞ্জ


সভাপতি উপস্থিত সদস্যদের স্বাগত জানিয়ে সভা শুরু করেন। পূর্ববর্তী মাসের কার্যবিবরণী পড়ে শুনানো হয়। কার্যবিবরণীতে কোন সংযোজন, বিয়োজন বা সংশোধন না থাকায় তা সর্বসম্মতিক্রমে দৃষ্টীকরণ করা হয়। সভাপতি আগস্ট ২০২৪ মাসের এ উপজেলার এনজিও বিষয়ক কার্যাবলী সম্পর্কে বিস্তারিত পর্যালোচনা করেন এবং মুক্ত আলোচনার জন্য উপস্থিত সকলের প্রতি আহ্বান জানান।

সভায় বিস্তারিত আলোচনাতে নিম্নলিখিত সিদ্ধান্তসমূহ সর্বসম্মতিক্রমে গৃহীত হয়

ক্র. নং	আলোচ্য বিষয়	আলোচনা/ সিদ্ধান্ত	বাস্তবায়নকারী কর্তৃপক্ষ
০১.	উপজেলা এনজিও বিষয়ক সমন্বয় সভায় সকল সদস্যদের উপস্থিতি নিশ্চিতকরণ	উপজেলা এনজিও বিষয়ক মাসিক সমন্বয় সভায় সংশ্লিষ্ট সদস্যদের উপস্থিতি নিশ্চিত করতে হবে।	সংশ্লিষ্ট সকল সদস্য
০২.	গ্রাম আদালত সংক্রান্ত	উপজেলা সমন্বয়কারী, গ্রাম আদালত, টুঙ্গিপাড়া, গোপালগঞ্জ জানান, আগস্ট/২০২৪ মাস পর্যন্ত ০১(এক) টি দেওয়ানী মামলা পেভিং আছে। মামলা নিয়ে জনগণ কোন রকমের হয়রানির শিকার না হয় এবং মামলা রুজু ও নিষ্পত্তির বিষয়ে আরো গতিশীল হতে হবে।	সমন্বয়কারী গ্রাম আদালত টুঙ্গিপাড়া, গোপালগঞ্জ
০৩.	সেবামূলক কার্যক্রম	এনজিওসমূহ কর্তৃক যে সকল সেবামূলক কার্যক্রম পরিচালিত হয় সে বিষয়ে ব্যাপক প্রচার-প্রচারণার মাধ্যমে জনগণকে অবহিত করার বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়।	সকল এনজিও
০৪.	এনজিও কার্যক্রম পরিচালনায় সমস্যাসমূহ	মাঠ পর্যায়ে এনজিওসমূহের কার্যক্রম পরিচালনায় অনেক সময় বিভিন্ন ধরনের সমস্যার সম্মুখীন হতে হয়। উদ্ভূত সমস্যার সমাধানকল্পে এনজিও কর্তৃক মাসিক সমন্বয় সভায় উপস্থাপনের বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়।	সকল এনজিও
০৫।	অক্টোবর/২০২৪ মাসের এনজিও কার্যক্রম উপস্থাপন	সেপ্টেম্বর/২০২৪ মাসে অনুষ্ঠিত উপজেলা এনজিও বিষয়ক মাসিক সমন্বয় সভায় এনজিওসমূহ তাদের সংস্থা/ প্রতিষ্ঠানের কার্যক্রম সংক্রান্ত অক্টোবর/২০২৪ মাসের সভাব্য কর্মসূচী প্রতিবেদন পাওয়ার ০৩ (তিন) কার্যদিবসের মধ্যে প্রেরণ করবেন।	সকল এনজিও
০৬।	নদী দূষণ/ পরিবেশ দূষণ সংক্রান্ত কার্যক্রম	উদ্দীপন, সিসিডিবি, শেখ রাসেল স্মৃতি সংস্থা ও রিক এনজিওসমূহ নদী দূষণ/পরিবেশ দূষণ মোকাবেলায় কাজ করার আগ্রহ ব্যক্ত করেন।	সংশ্লিষ্ট এনজিও সমূহ
০৭।	Older People's club (OPC) সংক্রান্ত	রিক ও পদক্ষেপ (মানবিক উন্নয়ন কেন্দ্র) এনজিও দুইটি Cash Transfer Modernization (CTM) প্রকল্পের অধীন Older People's club (OPC) গঠন, পরিচালনা ও এ সংক্রান্ত অন্যান্য কার্যাবলী সম্পাদনপূর্বক নিম্ন স্বাক্ষরকারীকে প্রতি মাসের ০৩ তারিখের মধ্যে বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন প্রেরণ নিশ্চিত করবেন।	সংশ্লিষ্ট এনজিও



অতঃপর আর কোন আলোচ্য বিষয় না থাকায় সংশ্লিষ্ট সকলকে নিজ নিজ অবস্থান থেকে দেশপ্রেমের মহান আদর্শে উজ্জীবিত হয়ে দায়িত্বশীলতার আচরণের অনুরোধ জ্ঞাপনপূর্বক সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করুন।



মোঃ মঈনুল হক
উপজেলা নির্বাহী অফিসার

ও

সভাপতি

উপজেলা এনজিও সমন্বয় কমিটি
টুঙ্গিপাড়া, গোপালগঞ্জ

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
টুঙ্গিপাড়া, গোপালগঞ্জ
www.tungipara.gopalgani.gov.bd

স্মারক নং ০৫.৩০.৩৫৯১.০০৬.২৯.০০৬.২১-৭৬১

তারিখ: ১০ আশ্বিন ১৪৩১ বঙ্গাব্দ
২৫ সেপ্টেম্বর ২০২৪ খ্রিস্টাব্দ

অনুলিপি সদয় অবগিত ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো: (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

- ১। বিভাগীয় কমিশনার, ঢাকা বিভাগ, ঢাকা।
- ২। জেলা প্রশাসক, গোপালগঞ্জ।
- ৩। জনাব
- ৪। অফিস কপি।

টুঙ্গিপাড়া, গোপালগঞ্জ।



উপজেলা নির্বাহী অফিসার
টুঙ্গিপাড়া, গোপালগঞ্জ